



বাংলাদেশ
ইনফ্লেশন
কন্ট্রোল
থ্রিস্টিটিউট
Bangladesh

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা

www.bim.gov.bd

ইউসুয়ান রিসোর্স ডিভিশন



স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০১১.৩৩.০০৪.২১

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮

৩০ নভেম্বর ২০২১

বিষয়: "সরকারি নিরীক্ষা ও উন্নততর আর্থিক ব্যবস্থাপনা" বিষয়ক বিশেষ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উন্নততর আর্থিক ব্যবস্থাপনার প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য, সরকারের অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে আর্থিক ঝুঁকি এবং অনিয়ম দূর করা, বরাদ্দ খরচ এবং প্রতিবেদন সংক্রান্ত আর্থিক ব্যবস্থাপনা তথ্য প্রবাহ নিশ্চিত করা, কর্মসূচীর প্রয়োজনীয়তা, ভৌগোলিক অবস্থান এবং প্রয়োজনের উপর ভিত্তি করে অর্থ বরাদ্দ নিশ্চিতকরণ, ই-গভর্নেন্স প্রতিষ্ঠার লক্ষ্যে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা, বাস্তবভিত্তিক বাজেটিং এবং পরিকল্পনার স্বার্থে সঠিক সময়ে এবং নির্ভুল খরচের বিবরণী প্রস্তুত এবং প্রেরণ নিশ্চিত করা, হিসাব এবং নিরীক্ষার সাথে সংশ্লিষ্টদের দক্ষতা বৃদ্ধিকল্পে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা। সকল স্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে আভ্যন্তরীণ নিরীক্ষা ও নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থাপনাকে শক্তিশালী করা। আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে সরকারী হিসাব ব্যবস্থা, বাজেট প্রণয়ন পদ্ধতি, আর্থিক ক্ষমতা অর্পণ, সরকারী খাতে ক্রয় ও সংগ্রহ প্রক্রিয়া, উন্নয়ন সহযোগীদের নিয়মনীতি ও চাহিদা, উন্নততর আর্থিক ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ বিষয়ে সম্যক ধারণা রাখতে আগামী ১৮ ও ১৯ ফেব্রুয়ারি (শুক্রবার ও শনিবার), ২০২২ ইং তারিখ মেয়াদে "সরকারি নিরীক্ষা ও উন্নততর আর্থিক ব্যবস্থাপনা" বিষয়ক বিশেষ প্রশিক্ষণ কোর্স বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

প্রশিক্ষণ সূচিঃ

- (১) বাজেট প্রণয়ন
- (২) আয়ন-ব্যয়ন কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য
- (৩) IBAS++
- (৪) পেনশন
- (৫) সাধারণ ভবিষ্য তহবিল
- (৬) ভ্যাট ও ট্যাক্স ব্যবস্থাপনা
- (৭) হিসাবের সাথে সংশ্লিষ্ট দাপ্তরিক রেকর্ডপত্র সংরক্ষণ ও নষ্টকরণ
- (৮) পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও বিধিমালা-২০০৮
- (৯) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জ্ঞাতব্য বিষয়াবলি
- (১০) ভ্রমণ সংক্রান্ত বিধি-বিধান

প্রশিক্ষণের মেয়াদঃ ১৮ ও ১৯ ফেব্রুয়ারি (শুক্রবার ও শনিবার), ২০২২।

প্রশিক্ষণের সময়ঃ সকাল ৯টা - বিকাল ৫টা পর্যন্ত।

প্রশিক্ষণ ফিঃ ভ্যাট ও আইটি ব্যতীত জনপ্রতি ১২,০০০/- (বাইর হাজার) টাকা মাত্র। যা মহাপরিচালক, বিআইএম বরাবর পে-অর্ডার, ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রেরণ করা যাবে। উল্লেখ্য যে, উক্ত কোর্স ফি'র মধ্যে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা ৩০০০/- (তিন হাজার) টাকা অন্তর্ভুক্ত। যা প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষণার্থীকে প্রদান করা হবে।

উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা/কর্মচারীকে মনোনয়ন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন কোর্স সমন্বয়কারী জনাব মোঃ জাফর আলী, ব্যবস্থাপনা উপদেষ্টা বরাবরে ই-নথি অথবা ইমেইল (alizafarbim@gmail.com) এর মাধ্যমে প্রেরণ করা যাবে। কোর্স সংশ্লিষ্ট তথ্যাদির জন্য প্রয়োজনে কোর্স সমন্বয়কারী জনাব মোঃ জাফর আলী, ব্যবস্থাপনা উপদেষ্টা, মোবাইলঃ ০১৭১২৫৯৪৬২১, এবং জনাব মোঃ রাজিবুল হক, ব্যবস্থাপনা উপদেষ্টা, মোবাইলঃ ০১৯১৪৪৮৪৪০৬, ই-মেইলঃ rajibulatbim@gmail.com যোগাযোগ করা যেতে পারে।

প্রশাসন-৩ অধিদপ্তর
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
23 DEC 2021
ডায়েরী নং- ৬৩০

১-১২-২০২১